



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রজেক্ট মনিটরিং বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.krishibank.org.bd

টেলিফোন : ৯৫৫১৬০৭, email: dgmpmd@krishibank.net & dgmpmd@krishibank.org.bd

নং প্রকা/পিএমডি-০৫ (৭৯৪) অংশ-১/২০১৬-২০১৭/৪৪৩

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে
ঋণ আদায়ের অগ্রগতি (মার্চ/২০১৭ ভিত্তিক) প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) ঋণ খেলাপীদের নিকট হতে কাংখিত ঋণ আদায়ের লক্ষ্যে বিভাগওয়ারী খেলাপী ঋণ আদায়ের অগ্রগতি প্রজেক্ট মনিটরিং বিভাগ থেকে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত মনিটরিং পূর্বক বিভিন্ন সময়ে পত্রের মাধ্যমে গাইডলাইন দেয়া হয় এবং গাইডলাইনে প্রদত্ত নির্দেশনার আলোকে অনুচ্ছেদওয়ারী কার্যকর ব্যবস্থা গ্রহণ করে তদানুযায়ী প্রতিবেদন প্রেরণ করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হয়। দীর্ঘদিন যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কোন কোন কার্যালয় প্রধান কার্যালয়ের নির্দেশনা যথাযথ অনুসরণ না করে দায়সারাভাবে গতানুগতিক প্রতিবেদন প্রেরণ করছে, ফলশ্রুতিতে খেলাপী ঋণ আদায়ে কাংখিত অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না। বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় হতে প্রাপ্ত মার্চ/২০১৭ মাসের প্রতিবেদন অনুযায়ী শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) ঋণ খেলাপীদের নিকট হতে ২০১৬-২০১৭ অর্থবছরে বিভাগওয়ারী খেলাপী ঋণ আদায়ের অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলো :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণ আদায়					৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ আদায়				
		সংখ্যা	স্থিতি (শ্রেণীকৃত) ৩০.০৬.১৬ ভিত্তিক	আদায়যোগ্য (শ্রেণীকৃত স্থিতির ৩০%)	মোট আদায়	আদায়যোগ্য অনুযায়ী আদায়ের হার	সংখ্যা	স্থিতি (শ্রেণীকৃত) ৩০.০৬.১৬ ভিত্তিক	আদায়যোগ্য (শ্রেণীকৃত স্থিতির ৩০%)	মোট আদায়	আদায়যোগ্য অনুযায়ী আদায়ের হার
০১	এলপিও	২৫	৯৮.১৪	২৯.৪৪	১.২৫	৮.২৫%	২৫	৫৭৪.১৪	১৭২.২৪	২৩৫.৫৬	১৩৬.৭৬%
০২	ঢাকা	২৫	৭৪০.২৭	২২২.০৮	২.৫৪	১.১৫%	২৫	৩৬.১২	১০.৮৩	০.৮৬	৭.৯১%
০৩	চট্টগ্রাম	২৫	৪১৮.১৯	১২৫.৪৬	২.৩৮	১.৯৪%	২৫	২০০.৫৯	৬০.১৮	৫.১০	৮.৪৭%
০৪	কুমিল্লা	২৫	৩১.৫৬	৯.৫০	১.৪৬	১৫.৩৮%	২৫	১৩.৮৭	৪.১৬	১.৮৮	৪৫.০৬%
০৫	ময়মনসিংহ	২৫	১১.৭৭	৩.৫৩	০.২৫	৬.৯৪%	২৫	৯.৬৪	২.৮৯	১.৪২	৪৯.২৩%
০৬	সিলেট	২৫	৬.১১	১.৮৩	০.৩১	১৬.৯৪%	২৫	১১.৫৮	৩.৪৮	০.৪৭	১৩.৫৪%
০৭	ফরিদপুর	২৫	৩.৩৫	১.০১	০.০৪	৩.৪১%	২৫	৩.২২	০.৯৭	০.১৪	১৩.৮৬%
০৮	কুষ্টিয়া	২৫	৩৭.২৪	১১.১৭	০.২২	২.০০%	২৫	৬.৭৫	২.০২	১.৪৪	৭১.০৮%
০৯	খুলনা	২৫	৮০.৬০	২৪.১৮	০.৩৮	১.৫৭%	২৫	৩১.৬৬	৯.৫০	০.৮৪	৮.৮২%
১০	বরিশাল	২৫	১০.৪২	৩.১৩	০.১৫	৪.৯২%	২৫	১.৬৩	০.৪৯	০.২২	৪৪.৪৬%
	মোট :	২৫০	১৪৩৭.৬৫	৪৩১.৩৩	৮.৯৮	২.০৮%	২৫০	৮৮৯.২০	২৬৬.৭৬	২৪৭.৯৩	৯২.৯৪%

০৩। উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায়, শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে এলপিওসহ সকল বিভাগেরই ঋণ আদায়ের হার অত্যন্ত হতাশাব্যঞ্জক এবং শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপীদের নিকট হতে এলপিও, কুমিল্লা, ময়মনসিংহ, কুষ্টিয়া ও বরিশাল বিভাগ ব্যতিত অন্যান্য বিভাগের আদায়ের হারও অত্যন্ত উদ্বেগজনক। চলতি অর্থ বছরের ৯ (নয়) মাস অতিবাহিত হওয়ার পরও আলোচ্য শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে সার্বিক আদায়ের পরিমাণ (২৪৭.৯৩ কোটি) ও হার (৯২.৯৪%) সন্তোষজনক হলেও শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে আদায়ের পরিমাণ (৮.৯৮ কোটি) ও হার (২.০৮%) অত্যন্ত উদ্বেগজনক। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে মার্চ/২০১৭ ভিত্তিক ব্যাংকের মোট আদায়ী ঋণ ১৭১৪৪.৩৮ কোটি টাকার বিপরীতে শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণের হার ৮.৩৩% এবং শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণের হার ৩.৭৪%।


চলমান পাতা-০২

০৪। বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হলে খেলাপী ঋণ আদায়ের এ হতাশাজনক চিত্র দেখে গভীর অসন্তোষ প্রকাশ করেন। এমতাবস্থায়, চলতি অর্থবছরে শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে বছরের অবশিষ্ট সময়ে ঘাটতিসহ লক্ষ্যমাত্রার আনুপাতিক আদায় নিশ্চিত করার জন্য ইতোপূর্বে গাইডলাইনে বর্ণিত কার্যক্রম গুরুত্বের সাথে ও যথাযথভাবে পরিপালনের জন্য নিম্নে তা পুনঃউল্লেখ করা হলো :

- (ক) শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ আদায়ের জন্য বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় পর্যায়ে পৃথক সেল গঠন করে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা প্রদানপূর্বক সেল সমূহের কাজের অগ্রগতি নিয়মিতভাবে পরিধারণ করতে হবে।
- খ) বিভাগীয়/স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ বিভাগের/স্থানীয় মুখ্য কার্যালয়ের শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (গ) দ্বিপাক্ষিক আলোচনা ও কলাকৌশল প্রয়োগের পরও যেসব খেলাপী ঋণ আদায় সম্ভব হবে না সেগুলো মামলাধীন হলে আইনজীবীদের নিয়ে আলোচনা করে দ্রুত মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মামলা বহির্ভূত হলে আদায়ের জন্য দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ঘ) নির্দেশনা অনুযায়ী মামলাধীন ঋণগুলির নিষ্পত্তি ত্বরান্বিত করণের লক্ষ্যে প্রত্যেক মাসে অঞ্চলভিত্তিক সংশ্লিষ্ট আইনজীবীদের নিয়ে দ্বিপাক্ষিক আলোচনা সভা আয়োজন করে মামলার অগ্রগতি পর্যালোচনা পূর্বক কেস টু কেস ভিত্তিতে আলোচনা সভার গৃহীত সিদ্ধান্তের অঞ্চলভিত্তিক কার্যবিবরণী স্ব-স্ব বিভাগীয় কার্যালয় কর্তৃক সংগ্রহ করে নিবিড় মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অঞ্চলভিত্তিক কার্যবিবরণীর ভিত্তিতে বিভাগীয় শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপীদের কার্যবিবরণী সংকলন করে প্রতিটি ঋণের উপর বিভাগীয় মতামত সম্মিলিত গাইডলাইন অঞ্চলসমূহকে প্রদানপূর্বক তার একটি কপি শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী প্রতিবেদনের সংগে সংযুক্ত করে অত্র বিভাগে প্রেরণ করতে হবে;
- (ঙ) শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) ঋণ খেলাপীর তালিকায় যাচাই বাছাই করে আলোচ্য ঋণ বিতরণের পর আদায়ের কি কি পদক্ষেপ নেয়া হয়েছে, ঋণ পুনঃতফশিল করা হয়ে থাকলে কতবার পুনঃতফশিল করা হয়েছে, পুনঃতফশিল অনুযায়ী কিস্তি সময়মত পরিশোধ হচ্ছে কিনা, পরিশোধ করা না হলে কতটি কিস্তি খেলাপ করা হয়েছে ইত্যাদি তথ্য বিচার বিশ্লেষণ করে ঋণ গ্রহীতার সাথে দ্বিপাক্ষিক আলোচনা পূর্বক প্রত্যেক ঋণ গ্রহীতার মনোভাব সুনির্দিষ্টভাবে অত্র বিভাগকে অবহিত করতে হবে। দ্বিপাক্ষিক আলোচনা ফলপ্রসূ না হলে সেক্ষেত্রে বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রি করে আদায় নিশ্চিত করতে হবে অন্যথায় প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের করতে হবে;
- (চ) শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে রুজুকৃত মামলা দ্রুত নিষ্পত্তির জন্য আইনজীবীর মাধ্যমে আদালতে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে; আইনজীবীর মাধ্যমে কোন মামলা নিষ্পত্তিতে স্থবিরতা/গড়িমসি পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকৃত আইনজীবী পরিবর্তন করে চুক্তিভিত্তিক যোগ্য ও দক্ষ আইনজীবী নিয়োগ দিতে হবে;
- (ছ) মামলার সূচু তদারকির স্বার্থে মামলার গুনানির তারিখে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের একজন কর্মকর্তাকে আদালতে উপস্থিত হয়ে মামলার নিবিড় তদবিরের কাজ অব্যাহত রাখতে হবে যাতে সংশ্লিষ্ট মামলা নিষ্পত্তি ত্বরান্বিত হয়;
- (জ) জনপ্রতিনিধিদের সহযোগিতা নিয়ে সামাজিক চাপ সৃষ্টির মাধ্যমে শীর্ষ-২৫ (মামলাধীন) খেলাপী ঋণ অর্থ ঋণ আদালত আইনের সংশ্লিষ্ট ধারা মতে আদালতের বাইরে মামলা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।
- (ঝ) মাসিক/ত্রৈমাসিক বিবরণী সংশ্লিষ্ট মাসিক/ত্রৈমাসিক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রেরণ অবশ্যই নিশ্চিত করতে হবে।
- (এ৪) এছাড়া বিবেচ্য, শাখা নিয়ন্ত্রণ বিভাগের বিগত ২৮.০৩.২০১৭ তারিখের পত্র নং ১১৭২(১২৫০) ৪.৪ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর উদ্যোগ গ্রহণ পূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ৭৫ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে এবং অত্র বিভাগের ১৭.০১.২০১৭ তারিখের পত্র নং প্রকা/পিএমডি-০৫ (৫৩৩৮)/২৫১৬-২১৭/২৭৪ এর নির্দেশনা মোতাবেক শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় জোরদারকরণ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।

০৫। উল্লেখিত নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহ যাতে প্রতিফলিত হয় সেজন্য আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো এবং চলতি অর্থবছরে শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) খেলাপী ঋণ আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে বাংলাদেশ ব্যাংকের সংগে সাক্ষরিত MOU এর শর্তানুযায়ী ব্যাংকের শীর্ষ-২৫ ঋণ খেলাপীর নিকট হতে ৩২০.০০ কোটি টাকা আদায় নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে স্ব-স্ব বিভাগ/কার্যালয়ের অগ্রগতি মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে মনিটরিংপূর্বক যথারীতি মূল্যায়ন করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ হাবিব উল্লাহ)
মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ✓ ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা (উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ১০। নথি/মহানথি।